সমকাল

তারিখ : [illegible]
পৃ. ২২ ... কলাম ০১

# দরিদ্র শিক্ষার্থীদের আরও সুবিধা দেওয়ার আহ্বান রাষ্ট্রপতির

■ বাসস

রাষ্ট্রপতি আবদুল হামিদ দরিদ্র ও পিছিয়ে থাকা পরিবারের ছেলেমেয়েদের বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে পড়াশোনার ক্ষেত্রে সহায়তা দিতে বৃত্তিসহ সুযোগ-সুবিধা বাড়ানোর আহ্বান জানিয়েছেন।

গতকাল মঙ্গলবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস অ্যান্ড টেকনোলজির (বিইউবিটি) দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান।

রাষ্ট্রপতি বলেন, সরকার দেশে উচ্চ শিক্ষার ক্রমবর্ধমান চাহিদা মেটাতে সরকারি ও বেসরকারি খাতে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার সুযোগ বৃদ্ধি করেছে।

তিনি বলেন, দেশে এখন নতুন বিশ্ববিদ্যালয় তৈরি হচ্ছে এবং আরও বেশি শিক্ষার্থী উচ্চ শিক্ষা অর্জনের সুযোগ পাচ্ছে। তাই, সবার দায়িত্ব হচ্ছে এসব বিশ্ববিদ্যালয়কে শিক্ষা অর্জনের প্রকৃত স্থানে পরিণত করা।

তিনি কম টিউশন ফি নিয়ে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের পড়াশোনার সুযোগ দেওয়ার জন্য বিইউবিটি কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। সমাবর্তনে নতুন গ্র্যাজুয়েটদের অভিনন্দন জানিয়ে রাষ্ট্রপতি আশা প্রকাশ করেন যে, কঠোর পরিশ্রম এবং ভবিষ্যতে তাদের মেধা ও বুদ্ধিমত্তা কাজে লাগিয়ে তারা সাফল্যের উচ্চ শিখরে আরোহণে সক্ষম হবেন।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান ড. এ. কে আজাদ চৌধুরী, বিইউবিটি ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. শফিক আহমেদ সিদ্দীক এবং বিইউবিটি ভিসি আবু সালেহ সমাবর্তন অনুষ্ঠানে বক্তব্য রাখেন। অস্ট্রেলিয়ার কার্টিন ইউনির্ভার্সিটির কার্টিন গ্রজুয়েট স্কুল অব বিজনেসের ডিন ড. এমিল তারিজিওভস্কি সমাবর্তনে বক্তৃতা করেন।